

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০১ ফেব্রুয়ারি ২০২৪খ্রি.

শিক্ষা প্রতিষ্ঠানে সংস্কৃতি চর্চা বাড়ানোর আহবান মেয়র রেজাউলের

শিক্ষার্থীদের মাঝে মানবিক গুণাবলি বিকশিত করতে শিক্ষা প্রতিষ্ঠানে সংস্কৃতি চর্চা বাড়ানোর আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার নগরীর চকবাজারের প্যারেড ময়দানে চসিক পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে আন্তঃ স্কুল ও আন্তঃ কলেজ বার্ষিক ক্রীড়া, সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতার উদ্বোধন করেন মেয়র। এসময় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, সংস্কৃতি চর্চা শিশুদের মাঝে মানবিক গুণাবলির বিকাশ ঘটায়। শিশুদের নৈতিকতাবোধসম্পন্ন, সংস্কৃতিমনা আধুনিক মানুষ হিসেবে গড়ে তুলতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নেতৃত্ব দিতে হবে, বাড়াতে হবে সংস্কৃতি চর্চা।

শিক্ষার্থীদের মাঝে সহনশীলতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ বাড়াতে এবছর প্রথমবারের মতো কেন্দ্রীয়ভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে নিয়ে বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছে চসিক। এছাড়া ক্রীড়া, সাংস্কৃতিক বিভিন্ন ইভেন্টও থাকছে এবারের আয়োজনে।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে প্যানেল মেয়র গিয়াস উদ্দিন চৌধুরী, কাউন্সিলর হাসান মাহমুদ হাসানি, হাজী নুরুল হক, হাসান মুরাদ বিপ্লব, নাজমুল হক ডিউক, এম আশরাফুল আলম, আতাউল্লাহ চৌধুরী, মো. ইলিয়াস, নূর মোস্তফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর নীলু নাগ, শাহীন আকতার রোজী, রুমকি সেনগুপ্ত, আনজুমান আরা বেগম, প্রধান শিক্ষা কর্মকর্তা আবুল হাশেম, প্রধান রাজস্ব কর্মকর্তা নজরুল ইসলাম, শিক্ষা কর্মকর্তা রাশেদা আক্তার, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. ইমাম হোসেন রানা, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা রেজাউল করিম, শাহরীন ফেরদৌসী, উপ-সচিব আশেক রসুল টিপু সহ চসিকের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ, প্রধান শিক্ষক ও শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নেন।

ব্যবসা প্রতিষ্ঠানের বর্জ্য যত্রতত্র ছড়ালে জরিমানা করবে চসিক: মেয়র রেজাউল

ব্যবসা প্রতিষ্ঠান ও আবাসিক ভবনের বর্জ্য যত্রতত্র ছড়ালে জরিমানা করার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার বহুদারহাট পুলিশ বস্ত্রের পাশে মাসব্যাপী শুষ্ক মৌসুমে খালের মাটি উত্তোলন কার্যক্রমের উদ্বোধনকালে মেয়র এ ঘোষণা দেন।

মেয়র আরো বলেন, জলাবদ্ধতা ঠেকাতে আমরা শুষ্ক মৌসুমে খাল-নালা থেকে মাটি তুলছি। সিডিএ এর জলাবদ্ধতা নিরসণ প্রকল্পের আওতায় থাকা খালগুলোর মাটি বর্ষা মৌসুমের পূর্বে তোলার আহ্বান জানান। পরিবর্তিত জলবায়ুর কারণে নগরীতে পানি জমলেও দ্রুততম সময়ে সে পানি যাতে অপসারিত হয় সেটিই আমাদের লক্ষ্য। “তবে কোন পদক্ষেপই সফল হবেনা, যদিনা জনগণ খাল নালায় প্লাস্টিক-পলিথিন ও ময়লা-আবর্জনা ফেলা বন্ধ না করে।

আমরা জনগণকে সচেতন করার লক্ষ্যে লিফলেট বিতরণ করেছি এবং পত্রিকায় গণবিজ্ঞপ্তি প্রচার করছি। আমরা চাচ্ছি জনগণকে সচেতন করে এতে সম্পৃক্ত করতে। এ মাস থেকে ব্যবসা প্রতিষ্ঠান ও আবাসিক ভবনগুলোর ময়লা-আবর্জনা যত্রতত্র ছড়ালে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে শাস্তি ও জরিমানা করা হবে।

যারা যত্রতত্র ও খাল-নালায় ময়লা আবর্জনা এবং প্লাস্টিক সামগ্রী ফেললে তাদের চিহ্নিত করতে সিভিল ড্রেসে চসিকের পরিচ্ছন্ন বিভাগের কর্মচারীদের প্রত্যক্ষ নজরদারীর দায়িত্ব দেয়া হয়েছে। চসিক ম্যাজিস্ট্রেটগণ দোষীদের বিরুদ্ধে জরিমানাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

বিনা অনুমতিতে ফুটপাথ কর্তন করায় এজিউজমেন্ট ওয়ার্ল্ডকে ২০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। আদালত ফয়েজ লেকস্ এমিউজমেন্ট ওয়ার্ল্ড কর্তৃপক্ষ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিনা অনুমতিতে ফুটপাথ কর্তন করায় তাদের ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮